64

দৈনিক সংবাদ

তারিখ ... 16 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... ৪ ...

# শরীয়তপুরে ১২ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়নি ।। শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হওয়ার আশংকা

শরীয়তপুর, ১৫ই জুন (নিজস্ব সংবাদদাতা)।– ড্রপআউট, অভিভাবকদের অর্থনৈতিক সংকট ও শিক্ষকদের গাফিলতির কারণে শরীয়তপুর জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র ছাত্রীদের সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের হার মারাত্মকভাবে কমেছে। গেল বছর শরীয়তপুরের ৬টি থানার ৩শ' ৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী ভর্তিকৃত ১ লাখ ১২ হাজার ১শ' ৭৪ জন ছাত্রছাত্রীর মধ্যে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে ১ লাখ ৩শ' ৩ জন অর্থাৎ ভর্তিকৃত মোট ছাত্রছাত্রীর মধ্যে ১১ হাজার ৮শ' ৭১ জন পরীক্ষায় অংশগ্রহণ করেনি। এর ফলে ছাত্রছাত্রীদের মেধা যাচাই কাজ দারুণভাবে ব্যাহত হচ্ছে এবং ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হবার আশংকা দেখা দিয়েছে।

শরীয়তপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের এক পরিসংখ্যানে প্রাপ্ত তথ্য থেকে জানা গেছে। গত বছর শরীয়তপুরের ৩শ' ৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ৫টি ক্লাসে ভর্তিকৃত ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ১ লাখ ১২ হাজার ১শ' ৭৪ জন, ওই বছর সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে ১ লাখ ৩শ' ৩ জন। এর মধ্যে শরীয়তপুর সদর থানায় ১৬ হাজার ৭শ' ৬৮ জন, নড়িয়া থানায় ২৩ হাজার ১শ' ৪ জন, ভেদরগঞ্জ থানায় ২৪ হাজার ৬শ' ৭৪ জন, জাজিরা থানায় ১২ হাজার ৯শ' ২৩ জন, ডামুড্যা থানায় ১১ হাজার ২শ' ৫৭ জন এবং গোসাইরহাট থানায় ১১ হাজার ৩শ' ৬৫ জন ছাত্রছাত্রী রয়েছে।

শরীয়তপুরের অন্য একটি সূত্রমতে জেলায় ড্রপ আউটের পরিমাণ খুব বেড়েছে এবং ১ম থেকে ৫ম শ্রেণীতে পড়াশুনার উপযোগী প্রায় ১৫ হাজার ছেলেমেয়ে এখনো বিদ্যালয়ে যায় না। এ অবস্থার উন্নয়ন না হলে ২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কার্যক্রম ব্যাহত হবার আশংকা দেখা দেবে।

## গৃহবধূ ধর্ষণের শিকার

সম্প্রতি নড়িয়া থানার ফতেজঙ্গপুর গ্রামের গৃহবধূ ও দুই সন্তানের জননী ফাহিমা আকতার (২২) কে গভীর রাতে কতিপয় দুর্বৃত্ত ধর্ষণ করেছে।

ঘটনার দিন রাত ৩টার দিকে কতিপয় দুর্বৃত্ত ফাহিমার ঘরের পাশে অপেক্ষা করছিল।